রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪৮ তারিখঃ ১৭/০৪/২০২৩খ্রিঃ

**সভা নং-২৬**

পৌর পরিষদের মাসিক (এপ্রিল'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ১৭/০৪/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | ------ |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর উপস্থিত সকলে তাদের পরিচয় পর্ব শেষ করেন। সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় সচিব রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন না থাকায় তা অনুমোদন দেওয়া হয়। | কোন সংশোধনি না থাকায় ১৫/০৩/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | পবিত্র ঈদ-উল ফিতর উদযাপন উপলক্ষে আলোচনাঃ | কার্য সহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, আসছে ২০/০৪/২০২৩খ্রিঃ তারিখে চাঁদ দেখা স্বাপেক্ষে ঈদ-উল ফিতর অনুষ্ঠিত হবে। ঈদ-উল ফিতর উদযাপন উদযাপন নিয়ে আলোচনা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, রমজান মাস সিয়াম সাধনার মাস। তার রমজান শেষে মুসলিম সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব পবিত্র ঈদ-উল ফিতর অনুষ্ঠিত হবে। আর এই জন্য ঈদ-উল ফিতরের আনন্দ মুসলিম সম্প্রদায়ের কাছে খুবেই গুরুত্ব পূর্ণ। বিশেষ করে ঈদের দিনে সকালে সবাই পরিষ্কার জামা কাপড় পরে ঈদ গাঁ মাঠে হাজির হয় এবং ঈদের নামাজ আদায় শেষে সবাই কোলাকলি করে এবং বিভিন্ন ধরনের খানাপিনা ও অনুষ্ঠানের মাধ্যমে ঈদের আনন্দ সবার মাঝে ভাগ করে নেয়। এর জন্য পৌর এলাকায় যতগুলো ঈদ গাঁ রয়েছে প্রতৌক ঈদ গাঁ মাঠকে পরিস্কার-পরিছন্ন করন ও সরকারী বিভিন্ন প্রতিষ্ঠান, সড়ক পরিষ্কার, আলোক সজ্জা করনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে রমজান মাসের শেষ সাপ্তহে পৌরসভার সকল হাট বাজার ও ঈদের জামায়েত অনুষ্ঠিত হয় এম ঈদ গাঁ মাঠ ও আশে পাশের সকল এলাকা পরিষ্কার-পরিছন্ন করার জন্য কঞ্জার্ভেন্সী ইন্সপেক্টরকে ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করেন। |
| ০৩ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ | ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, রামগতি পৌরসভার প্রানকেন্দ্র হলো আলেকজান্ডার। আরে আলেকজান্ডার বাজার, রামগতি পৌরসভা, ৫,৬,৭,৮নং ওয়ার্ডের অংশ বিশেষ বিস্তৃত হয়েছে। বাজারের প্রান কেন্দ্রে অবস্থিত বহুল আলোকিত ১) দায়রা বাড়ী সড়ক ২) মাজার রোড সড়ক ৩) খন্দকার সড়ক ৪) আহম্মদিয়া সড়ক ৫) রশিদিয়া সড়ক ও ৬) মুক্তিযোদ্ধা মফিজুল ইসলাম সড়কের বাকী অংশ ও আলেকজান্ডার মডেল পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়ের চরপাশের সড়ক RCC দ্বারা বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, রামগতি উপজেলার তথা রামগতি পৌরসভার সকল সরকারী অফিস আদালত ও উপজেলা পরিষদ অবস্থিত। তিনি তার ওয়ার্ডে ১) উপজেলা কমপ্লেক্সের পশ্চিম পাশের সড়ক ২) জলিল মাষ্টার সড়ক ৩) জান্নাত সড়ক ৪) আল আমিন সড়ক ৫) গণি মুন্সী সড়কের বাকী অংশের কাজ RCC দ্বারা বাস্তবায়নের জন্য এবং একই সাথে তার এলাকার জলাবদ্ধতা নিরসনে সকল কাঁচা ও পাকা ড্রেন জলাধার সমূহ পরিষ্কার করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, আসন্ন বর্ষা মৌসমের পূর্বে তার এলাকার তথা ১) জমিদার হাট বাজারের সকল ড্রেন ২) আশ্রম বাজার এলাকার ড্রেন ও জলাধার সমূহ পরিষ্কার করন এবং তার ওয়ার্ডের চর সেকান্দর প্রাইমারী বিদ্যালয় সড়ক ৩) কালু মাঝি সড়ক ৪) সহিদ হাওলাদার সড়ক ৫) মোক্তার বাড়ী সড়কের RCC দ্বারা উন্নয়ন করার জন্য মেয়র মোহদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে ১,২ও৩নং ওয়ার্ডে কাউন্সিলর একমত পোষণ করেন।<br><br>৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ নেছার উদ্দিন সভায় জানান যে, তার ওয়ার্ডের ১) আলম খাঁ সড়ক ২) আহাম্মদ উল্যা মেম্বার বাড়ী সড়ক ৩) পান বেপারী বাড়ী সড়ক জরুরী ভিত্তিতে RCC দ্বারা উন্নয়ন করার জন্য মেয়র মহোদয়েন দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>প্যানেল মেয়র ও ৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, তার ওয়ার্ডে ১) বেপারী পাড়া সড়ক ২) শিকদার সড়ক ৩) বান্দের পাড় সড়ক ৪) অলি হাওলাদার বাড়ী সড়ক ৫) আবদুর রহমান মুন্সী সড়ক জরুরী ভিত্তিতে RCC দ্বারা উন্নয়ন করার জন্য মেয়র মহোদয়েন দৃষ্টি আকর্ষণ করেন। সংরক্ষিত কাউন্সিলর জনাব আকলিমা বেগম একমত পোষণ করেন। | মেয়র মহোদয় পৌরসভার সকল ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক মনোনিত সড়ক গুলো অগ্রাধীকার ভিত্তিতে বরাদ্ধ অনুপাতে সরেজমিনে পরিমাপ ও প্রাক্কলন প্রস্তুত করে বরাদ্ধ অনুপাতে ADP দ্বারা বাস্তবায়নের জন্য দরপত্র আহবানের জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসানকে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | প্যানেল মেয়র ও ৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, তার ওয়ার্ডে ১) বেপারী পাড়া সড়ক ২) শিকদার সড়ক ৩) বান্দের পাড় সড়ক ৪) অলি হাওলাদার বাড়ী সড়ক ৫) আবদুর রহমান মুন্সী সড়ক জরুরী ভিত্তিতে RCC দ্বারা উন্নয়ন করার জন্য মেয়র মহোদয়েন দৃষ্টি আকর্ষণ করেন। সংরক্ষিত কাউন্সিলর জনাব আকলিমা বেগম একমত পোষণ করেন।<br><br>৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুর নবী সভায় জানান যে,রামগতি পৌরসভার পুরানো অফিস ভবনটি সংস্কার করা প্রয়োজন। ভবনটি সংস্কার করা গেলে অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা যাবে। প্রয়োজন বোধে চাহিদা অনুপাতে যে কোন ব্যাংক, বিমা প্রতিষ্ঠানকে ভাড়া প্রদনি করা যাবে। এতে পৌরসভার রাজস্ব আয় বাড়বে। তিনি বিষয় নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | |
| ০৪ | মশক নিধন জোরদার করন সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, মশা নিধন কার্যক্রম চলমান থাকলে ও আসন্ন মৌসমের পূর্বে মশক নিধন কার্য্যক্রম আরো জোরদার করতে হবে। তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, মশক নিধন আরো জোরদার করা প্রয়োজন। তিনি বলেন ডেঙ্গু মশা নিধনে পৌর এলাকার ড্রেন, ময়লা আবর্জনার স্তুপ ও জলধার সমূহে প্রয়োজন বোধে প্রতিদিন মশার ঔষধ প্রয়োগ করতে হবে। এর জন্য প্রয়োজন ডেঙ্গু মশার লাভা তথা মশা ধ্বংশ হয় সে জন্য ভাল দেখে ঔষধ ক্রয় করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, তার ওয়ার্ডে অবস্থিত নূরীয়া হাট বাজার ও রাস্তার মাথা বাজারের অংশের পাশের ড্রেন, জলাদার সমূহ পরিষ্কার করে মশার ঔষধ প্রয়োগ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জন্ গীতা রানী দাস সভায় জানান যে, পৌরসভার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও সরকারী, বেসরকারী অফিস আদালত, হাট বাজার এবং জনবহুল এলাকা পরিষ্কার করে মশার ঔষধ প্রয়োগ করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে পৌর এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত, হাট বাজার ও জনবহুল এলাকার চার পাশের ড্রেন ময়লা আবর্জনা পরিষ্কার করে মশার ঔষধ প্রয়োগ করার নিমিত্তে ভালমানের মশার ঔষদ ক্রয় করার জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান কে নির্দেশ প্রদান করেন। |
| ০৫ | Covid-19 প্রতিরোধে প্রাপ্ত বরাদ্দ সম্পর্কে আলোচনাঃ | সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, Covid-19 বিস্তার রোধে চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে ২,৮০,০০০.০০(দুই লক্ষ আশি হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। ইতি মধ্যে সরকারের বিভিন্ন উদ্যোগের ফলে Covid-19 বিস্তার রোধ সম্ভব হয়েছে। তিনি Covid-19 বিস্তার রোধে প্রাপ্ত বরাদ্দ করনীয় সম্পর্কে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, Covid-19 বিস্তার রোধে প্রাপ্ত বরাদ্ধ দ্বারা পৌরসভার আওতাধীন হাট বাজার ও শিক্ষা প্রতিষ্ঠানের ড্রেন পরিষ্কার ও বিভিন্ন ওয়াশ ব্লক ও পাবলিক টয়লেট সমূহে পরিষ্কার, হারপিক, টিস্যু ও মিনিসোপ সরবরাহ করা যায় কিনা সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, করোনা ভাইরাস বিস্তার রোধে পৌরসভার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালত, বাজারে আগত সাধারণ জনগণের মাঝে মাস্ক, হ্যান্ড ওয়াশ ও টিশু বিতরণ করার জন্য মেয়র মহোদয়ে দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় পৌরসভার আওতাধীন সরকারী, বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠান, অফিস আদালত, হাট বাজার ও গুরুত্বপূর্ন স্থাপনার চারপাশের ময়লা আবর্জনা পরিষ্কার এবং করোনা ভাইরাস বিস্তার রোধে জরুরী মাস্ক, হ্যান্ড ওয়াশ ও টিশু ক্রয় করে তা জনগণের মাঝে বিতরণ করার জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ | কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত মার্চ'২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়। | মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে মার্চ'২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১২০২৩-০৩- | উত্তম চন্দ্র দাসচিকিৎসা বাবত আর্থিক সাহায্য- | ৫০০.০০০, |
| ০১২০২৩-০৩- | মোঃ নয়ন হোসেনচিকিৎসা বাবত আর্থিক -সাহায্য | ৫০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | ফেব্রুয়ারীমাষ্টাররোল বেতন-২০২৩/ | ৬৪০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | মাহফুজুর রহমানআর্থিক অনুদান-মেয়ের বিয়ে- | ৫০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | জরিনা বেগমআর্থিক অনুদান-মেয়ের বিয়ে- | ৫০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | টুলু রানী দাসআর্থিক অনুদান-মেয়ের বিয়ে- | ৫০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | মোঃ বাবুলআর্থিক -ফরম ফিলাপ পরীক্ষর-অনুদান | ৫০০.০০০, |
| ০৯২০২৩-০৩- | মেয়র মহোদয়-ও সেপ্টে ২০২১/মার্চ-ফেব্রু-ডিসেমাসের বকেয়া সম্মানী৬-২০২২/: | ১০০.০০০,৮০, |
| ১৩২০২৩-০৩- | বিনামুল্যে চক্ষু চিকিৎসা ও ছানি অপারেশন ক্যাম্প আয়োজন বিল | ৪৮০০.৬৮০, |
| ১৩২০২৩-০৩- | কামরুল হুদা চৌধুরীবকেয়া বিল লামগ্র্যান্ড- | ৫০০০.০০০, |
| ১৩২০২৩-০৩- | এপ্রিল-মাসের পৌর কর্মকর্তা ২০২২/কর্মচারীর বেতন বিল | ৭০০.৬০৮,০৭, |
| ২৩২০২৩-০৩- | মে-মাসের পৌর কর্মকর্তা ২০২২/কর্মচারীর বেতন বিল | ৭০০.৬০৮,০৫, |
| ১৩২০২৩-০৩- | ডিসেম্বরসহকারী প্রকৌশলী বেতন বিল-২০২২/ | ৪৮০০.৩৩০, |
| ১৩২০২৩-০৩- | জানুয়ারীসহকারী প্রকৌশলী বেতন বিল-২০২৩/ | ৪৮০০.৩৩০, |
| ১৩২০২৩-০৩- | ডিসেম্বরউপ সহকারী প্রকৌশলী বেতন -২০২২/বিল | ২৫০০.৫২০, |
| ১৩২০২৩-০৩- | জানুয়ারীউপ সহকারী প্রকৌশলী বেতন -২০২৩/বিল | ২৫০০.৫২০, |
| ১৪২০২৩-০৩- | ফেব্রুয়ারীআপ্যায়ন বিল-ভান্ডারী হোটেল-২৩/ | ১৬০০.৩২৭, |
| ১৪২০২৩-০৩- | ফেব্রুয়ারীটি মিটারের বিদ্যুৎ বিল৭-২০২৩/ | ৭০০.০৪৮, |
| ১৫২০২৩-০৩- | সেপ্টম্বরমাসের কাউন্সিলরদের সম্মানী ২০২২/ভাতা | ১০০.০০০,০৮, |
| ২৭২০২৩-০৩- | পরিষ্কারের জন্য ঝাড়ু ক্রয় | ৮০০.৪০০, |
| ২৮২০২৩-০৩- | মোঃ রাকিবশিক্ষা অনুদান- | ২০০.০০০, |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৪৮ তারিখঃ ১৭/০৪/২০২৩খ্রিঃ

**৯ অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব..........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব..........................................................শাখা......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।